

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 04-03-25**

**Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) খনি মন্ত্রী জি কিষণ রেডিড আজ কলকাতায় এক দেশ এক ভোট নীতির পক্ষে জোরালো সওয়াল করে বলেছেন, শক্তিশালী সরকার গঠনের পাশাপাশি দেশের অর্থনীতিকে মজবুত করতে এই নীতি চালু হওয়া উচিত।

শ্রী রেডিড আজ এক অনুষ্ঠানে বলেন, বেসরকারি সংস্থাগুলি বিদেশে খনিজ সম্পদ অনুসন্ধান ও উৎপাদন করতে চাইলে কেন্দ্র তাদের সহায়তা করবে।

২) নির্বাচন কমিশন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ও জেলা নির্বাচনী আধিকারিকদের রাজনৈতিক দলগুলির সঙ্গে নিয়মিত বৈঠক করার নির্দেশ দিয়েছে।

৩) ভারত গঙ্গা জলবন্টন চুক্তি অনুযায়ী বাংলাদেশকে ফারাক্কা ব্যারেজ থেকে পর্যাপ্ত জল দেওয়ায় বাংলাদেশ সন্তোষ ব্যক্ত করেছে।

৪) যাদবপুরকান্ডে ঐ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিচারবিভাগীয় তদন্তের প্রস্তাব দিয়েছেন।

৫) হালতুর পূর্ব পল্লীতে একই পরিবারের তিন সদস্যের দেহ উদ্ধারের ঘটনায় সুইসাইড নোট পাওয়া গেছে।

-----

কেন্দ্র আর্জেন্টিনার সঙ্গে যৌথ উদ্যোগে লিথিয়াম উৎপাদন করবে। আজ কলকাতায় ভারতের ভূতাত্ত্বিক সর্বেক্ষন জিওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়ার ১৭৫ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে খনি মন্ত্রী জি কিষাণ রেড্ডি বলেন, সংস্থা আর্জেন্টিনায় লিথিয়াম অনুসন্ধানের কাজ করেছে। শীঘ্রই সেখানে উৎপাদনের কাজ শুরু হবে। বেসরকারি সংস্থাগুলি বিদেশের খনিজ সম্পদ অনুসন্ধান ও উৎপাদনের কাজ করতে চাইলে কেন্দ্র তাদের সহায়তা করবে বলে মন্ত্রী উল্লেখ করেন। ক্রিটিকাল মিনারেল মিশন চালু হলে জিওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়ার গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে বলে মন্ত্রী জানান। গত ১০ বছরে দেশের খনিজ উৎপাদনের পরিমাণ ২ দশমিক ৩ গুণ বৃদ্ধি পেয়েছে বলে শ্রী রেড্ডি উল্লেখ করেন। অনুষ্ঠানে সংস্থার মহানির্দেশক অসিত সাহা সহ বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন। শ্রী রেড্ডী আজ কলকাতায় বণিক সভা ভারত চেম্বার অফ কমার্সের ১২৪ তম বার্ষিক সাধারণ সভাতেও যোগ দেন। এক দেশ এক ভোট নীতির পক্ষে জোরালো সওয়াল করে তিনি বলেন, শক্তিশালী সরকার গঠনের পাশাপাশি দেশের অর্থনীতিকে মজবুত করতে এই নীতি চালু হওয়া উচিত।

বাইট

-----

নির্বাচন কমিশন, দেশের সব রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ও জেলা নির্বাচনী আধিকারিকদের রাজনৈতিক দলগুলির সঙ্গে নিয়মিত বৈঠক করার নির্দেশ দিয়েছে। নতুন মুখ্য নির্বাচনী কমিশনার জ্ঞানেশ কুমার দায়িত্বভার গ্রহণের পর আজই প্রথম দেশের সব রাজ্যের মুখ্যনির্বাচনী আধিকারিক সহ সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। কমিশনের বিধিবদ্ধ নিয়মকানুনের মধ্যে থেকেই রাজনৈতিক দলগুলির তোলা

অভিযোগগুলি যাতে সমাধান করা হয়, সেজন্যও মুখ্য নির্বাচন কমিশনার নির্দেশ দিয়েছেন। আগামী ৩১ শে মার্চের মধ্যে আজকের বৈঠকে গৃহীত পদক্ষেপগুলি সম্পর্কে সংশ্লিষ্ট সহকারী নির্বাচন কমিশনারকে রিপোর্ট দিতেও বলা হয়েছে। দেশের নির্বাচন পরিচালনায় আইনের মধ্যে থাকা বিভিন্ন ইস্যুর সমাধান নিয়ে আজ আলোচনা হয়। মুখ্য নির্বাচন কমিশনার বৈঠকে উপস্থিত সবাইকে স্বচ্ছতার সঙ্গে কাজ করার পরামর্শ দেন। আজ নিয়ে দুদিন ব্যাপী চলা এই বৈঠকে দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্থু ও ডক্টর বিবেক যোশী, সব রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এবং জেলা নির্বাচনী আধিকারিকরাও উপস্থিত ছিলেন।

-----

বাংলাদেশ যৌথ নদী কমিশনের একটি দল আজ ফারাক্কা ব্যারেজ ও সংশ্লিষ্ট ক্যানেলের জলস্তর খতিয়ে দেখে। ভারত গঙ্গা জলবন্টন চুক্তি অনুযায়ী বাংলাদেশকে ফারাক্কা ব্যারেজ থেকে পর্যাপ্ত জল দিচ্ছে বলে বাংলাদেশের প্রতিনিধি দলটি জানিয়েছে। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

#### ভয়েসকাস্ট

-----

জলপাইগুড়ি চা নিলাম কেন্দ্রটিকে চাঙ্গা করতে সংশ্লিষ্ট কমিটি, বিশেষ ছাড়ের ব্যবস্থা করেছে। দীর্ঘ ১১ বছর বন্ধ থাকার পরে আগামী ৩১ শে মার্চ থেকে এই কেন্দ্রে চা নিলাম প্রক্রিয়া শুরু হবে। চা-এর যোগানে সমস্যার কারণে এতদিন নিলাম কেন্দ্রটি বন্ধ ছিল। চা নিলাম কমিটি স্থির করেছে

নিলাম পৰ্ব শুরু হওয়ার সাত দিনের মধ্যে চা কেনা হলে দুই শতাংশ এবং ১৪ দিনের মধ্যে ক্রয় করা হলে এক শতাংশ ছাড় দেওয়া হবে। সপ্তাহে একদিন সোমবার করে নিলাম হবে এই চায়ের। এই কাজের জন্য একটি অ্যাড হক কমিটিও গঠন করা হয়েছে।

-----

৫৬ তম সিআইএসএফ ডে উপলক্ষ্যে উপকূলবর্তী এলাকার বাসিন্দাদের সঙ্গে সম্পর্ক মজবুত করতে বিশেষ সাইকেল র্যালি-Great Indian Coastal Cyclothon 'এর আয়োজন করেছে সিআইএসএফ। আজ সকালে কলকাতা বিমানবন্দরে সিআইএসএফ-এর কার্যালয়ে এক সাংবাদিক বৈঠকে বাহিনীর উত্তর পূর্বাঞ্চল দুই-এর আইজি ডক্টর শিখর সাহাই বলেন, আগামী ৭ই মার্চ পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনার বকখালি এবং গুজরাটের লখপত থেকে সাইকেল র্যালি শুরু হয়ে পয়লা এপ্রিল কন্যাকুমারীর স্বামী বিবেকানন্দ মেমোরিয়ালে গিয়ে শেষ হবে। ১৪ জন মহিলা সহ মোট ১২৫ জন এই র্যালিতে অংশ নিচ্ছেন। ২৫ দিন ধরে ১১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্য দিয়ে মোট ৬ হাজার ৫৫৩ কিলোমিটার পথ অতিক্রম করবেন তাঁরা। পশ্চিমবঙ্গের বকখালি থেকে র্যালিটি হলদিয়া ও দীঘা হয়ে যাবে। সফরকালে উপকূলবর্তী এলাকার বাসিন্দা ও মৎস্যজীবীদের সঙ্গে সাক্ষাতের পাশাপাশি স্কুল পড়ুয়াদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান, বৃক্ষরোপ ইত্যাদির আয়োজন করা হয়েছে।

-----

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগে ক্যাজুয়াল ভিত্তিক নিয়োগ পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশিত। আকাশবাণীর সোশ্যাল মিডিয়াতে তা পাওয়া যাবে। দফতরের রিসেপশন এবং নিউজ রুমের নোটিশ বোর্ডে তালিকা টাঙানো রয়েছে।

-----

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ভাস্কর গুপ্ত গত শনিবারের ঘটনা নিয়ে বিচারবিভাগীয় তদন্তের প্রস্তাব দিয়েছেন। আজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠনগুলির সঙ্গে ভার্চুয়াল বৈঠকে উপাচার্য অবিলম্বে ক্যাম্পাসে শান্তি ফেরানোর নির্দেশ দেন। সকলকে একসঙ্গে কাজ করার কথাও বলেন তিনি। বৈঠকে ছাত্র সংসদ নির্বাচন সহ একাধিক বিষয় নিয়ে আলোচনা হয়। উপস্থিত ছিলেন জুটা, ওয়েবকুপা-সহ চারটি শিক্ষক সংগঠনের প্রতিনিধিরা

উল্লেখ্য, ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে গত শনিবার দফায় দফায় উত্তপ্ত হয়ে ওঠে বিশ্ববিদ্যালয় চত্বর। ওয়েবকুপার সভায় গিয়ে এসএফআই কর্মী সমর্থকের বিক্ষোভের মুখে পড়েন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। অভিযোগ, তাঁকে ঘিরে বিক্ষোভ চলাকালীন আহত হন মন্ত্রী। এসএফআই-এর দাবি, শিক্ষামন্ত্রীর গাড়ির ধাক্কায় আহত হন এক ছাত্র।

এদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক ঘটনাকে কেন্দ্র করে রাজ্য রাজনীতি আজও উত্তপ্ত। ওই ঘটনার প্রতিবাদে গতকালের পর আজও বামপন্থী ছাত্র সংগঠন এসএফআই কলকাতা সহ সারা রাজ্যে প্রতিবাদ কর্মসূচি নিয়েছে। কলেজ স্ট্রিট, নাগেরবাজার হাওড়া, বারুইপুর-সহ একাধিক যায়গায় এই কর্মসূচিকে ঘিরে বিক্ষিপ্ত গোলমালের খবর মিলেছে। নদীয়ার কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এসএফআই কর্মী সমর্থকদের ওপর হামলার অভিযোগ উঠেছে তৃনমূল কংগ্রেসের বিরুদ্ধে।

যাদবপুরকাণ্ডে আহত ছাত্র ইন্দ্রানুজের বাবাকে আজ শিক্ষামন্ত্রী ফোন করে দুঃখ প্রকাশ করেছেন বলে ওই ছাত্রের পরিবার সূত্রে জানা গেছে।

অন্যদিকে, সার্জিক্যাল স্ট্রাইকের ধাঁচে আগামী দিনে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অভিযান করা হবে বলে ভারতীয় বিদ্যার্থী পরিষদ (এবিভিপি) হুঁশিয়ারি দিয়েছে। আজ এক সাংবাদিক বৈঠকে সংগঠনের রাজ্য সম্পাদক অনিরুদ্ধ সরকার অভিযোগ করেন, গতকাল শান্তিপূর্ণ মিছিলে উস্কানি বাম -নকশাল ছাত্র সংগঠন। যাতে পাঁচ জন এবিভিপি সদস্য জখম হয়েছেন। পুলিশ অতিসক্রিয়তা দেখিয়ে জখম হওয়া এবিভিপি সদস্যদেরই গ্রেফতার করেছে। আর এই গ্রেফতারিতে বাম-ভৃগুমূল আঁতাত প্রকাশ পাচ্ছে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গত পয়লা মার্চ রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসুর আচরণ নিয়ে অবিলম্বে মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করেছে সিপিআইএম। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, প্রায় চারদিন হয়ে গেল মুখ্যমন্ত্রী ওই ঘটনা নিয়ে কোনো মন্তব্য করেননি।

-----

কসবা থানা এলাকায় হালতুর পূর্ব পল্লীতে একই পরিবারের তিন সদস্যের দেহ উদ্ধারের ঘটনায় ঐ ঘরের দেওয়াল থেকে একটি সুইসাইড নোট পাওয়া গেছে। সেখানে সম্পত্তি নিয়ে মৃত সোমনাথ রায়ের সঙ্গে মামা, মামি এবং মাসির সঙ্গে সম্পত্তি নিয়ে বিবাদের বিষয়টির উল্লেখ রয়েছে। ঐ তিনজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। এছাড়াও পেশায় অটোচালক সোমনাথের বাজারে প্রচুর ঋণ হয়ে গিয়েছিল বলে খবর।

উল্লেখ্য, আজ সকালে নিজের বাড়ি থেকেই বছর ৪০-এর সোমনাথ, তাঁর স্ত্রী সুমিত্রা ও আড়াই বছরের শিশু পুত্র রুদ্রনীলের ঝুলন্ত দেহ উদ্ধার হয়।

-----

ট্যাংরা কাণ্ডে ধৃত দে পরিবারের ছোট ছেলে প্রসূনকে আজ শিয়ালদা আদালতে তোলা হলে ৬-ই মার্চ পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। আদালতে তোলার আগে নীলরতন সরকার হাসপাতালে প্রসূনের স্বাস্থ্য পরীক্ষা করা হয়।

উল্লেখ্য, গতকাল নীলরতন সরকার হাসপাতাল ছাড়া পাওয়ার পর পুলিশ প্রসূনকে গ্রেফতার করে। পুলিশী জেরায় সে, স্ত্রী রোমী, বৌদি সুদেষ্ণা ও নাবালিকা কন্যার খুনের স্বীকার করে। ব্যাবসার মন্দার জন্যেই তারা এই পথ বেছে নেয় বলেও প্রসূন জানিয়েছে।

প্রসূনের দাদা প্রণয় দে এবং তাঁর নাবালক ছেলে এখনো এন আর এস হাসপাতালে ভর্তি।

-----

ট্যাংরা কাণ্ডে ধৃত দে পরিবারের ছোট ছেলে প্রসূনকে আজ শিয়ালদা আদালতে তোলা হলে ৬-ই মার্চ পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। আদালতে তোলার আগে নীলরতন সরকার হাসপাতালে প্রসূনের স্বাস্থ্য পরীক্ষা করা হয়।

উল্লেখ্য, গতকাল নীলরতন সরকার হাসপাতাল ছাড়া পাওয়ার পর পুলিশ প্রসূনকে গ্রেফতার করে। পুলিশী জেরায় সে, স্ত্রী রোমী, বৌদি সুদেষ্ণা ও

নাবালিকা কন্যার খুনের স্বীকার করে। ব্যাবসার মন্দার জন্যেই তারা এই পথ বেছে নেয় বলেও প্রসূন জানিয়েছে।

প্রসূনের দাদা প্রণয় দে এবং তাঁর নাবালক ছেলে এখনো এন আর এস হাসপাতালে ভর্তি।

-----

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুজরাটের ভানতারায় বন্যপ্রাণ উদ্ধার, পুনর্বাসন এবং সংরক্ষণ কেন্দ্রের উদ্বোধন করেন। এলাকাটি ঘুরে দেখেন তিনি। এখানে বিভিন্ন প্রাণী সংরক্ষণ কেন্দ্রে বিভিন্ন প্রজাতির প্রাণীদের সঙ্গে সময় কাটান প্রধানমন্ত্রী।

ভানতারায় বিভিন্ন প্রজাতির জীব জন্তুদের সুস্থায়ী সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এখানে ২ হাজারেরও বেশি প্রজাতির প্রাণী এবং দেড় লক্ষেরও বেশি উদ্ধার করা প্রাণীদের পুনর্বাসন করার ব্যবস্থা করা হচ্ছে।

-----

স্বয়ংক্রিয় সিগনালিং ব্যবস্থা খতিয়ে দেখতে মেট্রো রেল ইস্ট ওয়েস্ট করিডরে আরও দুদিন ট্রেন চলাচল বন্ধ রাখবে। আগামী শনি ও রবিবার হাওড়া ময়দান থেকে এসপ্লানেড এবং শিয়ালদা থেকে সল্টলেক সেক্টর ফাইভ রুটে ট্রেন চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে বলে মেট্রো রেল এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। এই কাজের জন্য শুক্রবার শিয়ালদা থেকে সল্টলেক সেক্টর ফাইভ রুটে শেষ ট্রেন ৭ টা ৩ মিনিটে এবং সেক্টর ফাইভ থেকে শেষ ট্রেন সাতটা পাঁচ মিনিটে পাওয়া যাবে।

-----



কলকাতা প্রিমিয়ার হকি লিগের ম্যাচে আজ ইস্টবেঙ্গল ৩-০ গোলে নাভাল টাটা হকি অ্যাকাডেমি কে হারিয়ে দিয়েছে। জাইদ খান দুটি, পারদীপ সিং একটি গোল করেছেন। অন্য ম্যাচে ক্যালকাটা কাস্টমস ৬-৪ গোলে বি এন আর কে পরাজিত করেছে।

---

গোয়ার ফতোরদা স্টেডিয়ামে আজ আই এস এল ফুটবলে মহামেডান স্পোর্টিং, এফসি গোয়ার মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে দুই দলই ২২ টি করে ম্যাচ খেলেছে। গোয়া ৪৫ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকার দ্বিতীয় স্থানে, মহামেডান ১২ পয়েন্ট সংগ্রহ করে ১৩ দলের লিগে সবশেষে রয়েছে।

---